


প্রেস বিজ্ঞপ্তি

অক্টোবর থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সময়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)
এর নিবন্ধিত শিল্পের ত্রৈমাসিক পরিসংখ্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর অক্টোবর-ডিসেম্বর ২০২৩ সময়ে ২৮১ টি শিল্প প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে। তন্মধ্যে ২৪৩টি শিল্প প্রতিষ্ঠানে স্থানীয়, ১৯টি শিল্প প্রতিষ্ঠানে শতভাগ বিদেশি এবং ১৯টি শিল্প প্রতিষ্ঠানে যৌথ বিনিয়োগ রয়েছে। নিবন্ধিত এ সকল প্রতিষ্ঠানে প্রস্তাবিত মোট বিনিয়োগের পরিমাণ ২,৪৮,৬৫১.৫৭ (দুই লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত একাত্ত দশমিক পাঁচ সাত) মিলিয়ন টাকা।

স্থানীয় বিনিয়োগ প্রস্তাব: স্থানীয় শিল্পখাতে প্রস্তাবিত মোট বিনিয়োগের ২,০৯,২৪০.৮৮ (দুই লক্ষ নয় হাজার দুইশত চল্লিশ দশমিক আট আট) মিলিয়ন টাকার মধ্যে কেমিক্যালস শিল্পখাতে সর্বাধিক ৪৯,১৩৫.২১ মিলিয়ন টাকা বিনিয়োগ প্রস্তাবসহ পোশাক শিল্পখাতে ৪১,০১৯.৪১ মিলিয়ন টাকা, প্রকৌশল শিল্পখাতে ৩৯,৭৬৫.৪২ মিলিয়ন টাকা, কৃষি শিল্পখাতে ৩০,২৭৩.৩৮ মিলিয়ন টাকা এবং মুদ্রণ ও প্রকাশনা শিল্পখাতে ১৪,৪৪৮.১০ মিলিয়ন পরিমাণ বিনিয়োগ প্রস্তাব পাওয়া গেছে। এতে নতুন করে মোট ১,৪৯,৪৬৭ সংখ্যক জনবলের কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে।

বিদেশি বিনিয়োগ প্রস্তাব: বিদেশিক শিল্পখাতে প্রস্তাবিত বিনিয়োগের ৩৯,৪১০.৬৯ (উনচল্লিশ হাজার চারশত দশ দশমিক ছয় নয়) মিলিয়ন টাকার মধ্যে প্রকৌশল শিল্পখাতে সর্বাধিক ২৯,৫৫০.৯০ মিলিয়ন টাকা বিনিয়োগ প্রস্তাবসহ খাদ্য এবং এ সংক্রান্ত শিল্পখাতে ৫,৬৯৮.১৭ মিলিয়ন টাকা, রাসায়নিক শিল্পখাতে ১,৫৩৯.৫৭ মিলিয়ন টাকা, ট্যানারি ও চামড়া শিল্পখাতে ১,১৪৮.৪৩ মিলিয়ন টাকা এবং পোশাক শিল্পখাতে ১,০২৪.৪৭ মিলিয়ন টাকার বিনিয়োগ প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবিত এই বিনিয়োগে নতুন করে মোট ৮,৮৬৫ সংখ্যক জনবলের কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে।


মুহাম্মদ জাহিদ হোসেন
সহকারী পরিচালক (সহকারী সচিব)
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)
প্রধানমন্ত্রীর কার্যালয়